

জেএসসির অনিয়মিত পরীক্ষার্থীদের ভুল প্রবেশপত্র বিলি

■ নেত্রকোনা প্রতিনিধি
নেত্রকোনায় জেএসসি পরীক্ষার অনিয়মিত পরীক্ষার্থীদের মধ্যে ভুল প্রবেশপত্র বিতরণ করা হয়েছে। শুধু নেত্রকোনায় নয় আরও কয়েক জেলায়ও এ ধরনের ভুল প্রবেশপত্র সরবরাহ করা হয়েছে বলে জানা গেছে। আগামী ১ নভেম্বর থেকে জেএসসি পরীক্ষা শুরু হবে। ইতিমধ্যে প্রত্যেক পরীক্ষাকেন্দ্রের সচিবরা ঢাকা শিক্ষাবোর্ড থেকে পরীক্ষার্থীদের প্রবেশপত্র সংগ্রহ করেছেন। এগুলো বিতরণ করতে গিয়ে দেখা যায়, এসব প্রবেশপত্রে নিয়মিত পরীক্ষার্থীদের মতো অনিয়মিত পরীক্ষার্থীদেরও সব বিষয়ে পরীক্ষা দেওয়ার কথা উল্লেখ করা হয়েছে। অথচ তাদের আগে অকৃতকার্য হওয়া এক বা দুই বিষয়ে পরীক্ষা দেওয়ার কথা।

পূর্বধলা জগৎমণি পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রের কেন্দ্রসচিব ও প্রধান শিক্ষক সুধাংশু শেখর তালুকদার জানান, আগামী ৩০ অক্টোবরের মধ্যেই বোর্ডের নির্ধারিত ফরমে আবেদনের ভিত্তিতে এসব ভুল প্রবেশপত্র সংশোধন করে আনার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের জানানো হয়েছে।